

সমকাল

এসএমএস পেয়েই স্কুল ভবন নির্মাণের নির্দেশ প্রধানমন্ত্রীর

১১ ঘণ্টা আগে

বাসস

এক প্রবাসীর পাঠানো এসএমএসে সাড়া দিয়ে ফেনীতে স্কুল ভবন নির্মাণের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম সাংবাদিকদের জানান, গত ২২ জুন প্রধানমন্ত্রী শেখ হাসিনা মোবাইলে সৌদি আরব থেকে পাঠানো একটি এসএমএস পান। আনোয়ার হোসেন খোকন নামের একজন সৌদি প্রবাসী এসএমএসটি পাঠিয়েছিলেন। তিনি প্রধানমন্ত্রীকে স্কুলটির কোড নম্বর পাঠিয়ে লেখেন, স্কুলটি স্থানীয় মুক্তিযোদ্ধা আফজালুর রহমানের জায়গার ওপর প্রতিষ্ঠিত। কিন্তু প্রয়োজনীয় শ্রেণিকক্ষের অভাবে ছাত্রছাত্রীরা পড়াশোনা করতে পারছে না। একটি স্কুল ভবন করে দেওয়ার দাবি জানান তিনি। এসএমএসটি পাওয়ার পর ওই দিন সকাল সাড়ে ৬টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার একান্ত সচিব তোফাজ্জল হোসেন মিয়াকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন বলে আশরাফুল আলম জানান। তিনি বলেন, স্কুলটির কোড নম্বর মিলিয়ে একান্ত সচিব জানতে পারেন সেটি ফেনী সদর উপজেলার রতনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। তিনি তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগাযোগ করে প্রধানমন্ত্রীর নির্দেশনা পৌঁছে দেন।

এর ফলে শনিবার বিকেলে রতনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পাঁচ শ্রেণিকক্ষের একটি ভবনের চূড়ান্ত অনুমোদন পেয়েছে। শিগগিরই এ ভবনের কাজ শুরু হবে বলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

